

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা, চট্টগ্রাম

মোবাইল: ০১৮১৯-৯৩০৪৮৮



তারিখ: ২৪.১১.২৬

প্রেস বিজ্ঞপ্তি

আলজেরিয়াকে চট্টগ্রামে বিনিয়োগের আহ্বান মেয়র ডা. শাহাদাতের

চট্টগ্রাম সিটি মেয়র ডা. শাহাদাত হোসেনের সাথে আলজেরিয়ার রাষ্ট্রদূত ডা. আবদেল ওহাব সাইদানি সৌজন্য সাক্ষাৎ করেছেন। বুধবার টাইগারপাসস্থ চসিক কার্যালয়ে সাক্ষাৎকালে মেয়র ডা. শাহাদাত হোসেন চট্টগ্রামে বিনিয়োগের মাধ্যমে আলজেরিয়া লাভবান হতে পারে বলে মন্তব্য করেন। সাক্ষাৎকালে মেয়র শাহাদাত বলেন, ইপিজেড, বন্দরসহ ব্যাপক বাণিজ্যিক অবকাঠামো থাকায় চট্টগ্রাম বিনিয়োগের জন্য স্বর্ণভূমি। নগরীর যোগাযোগ অবকাঠামোকে ঢেলে সাজাতে আড়াই হাজার কোটি টাকার একটি প্রকল্প বাস্তবায়ন করছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। এছাড়া, নগরীর জলাবদ্ধতা নিরসণেও নেয়া হয়েছে একাধিক প্রকল্প। ফলে বৈদেশিক বিনিয়োগের জন্য চট্টগ্রাম একটি আদর্শ স্থানে পরিণত হয়েছে। আলজেরিয়া এই সুবর্ণ সুযোগকে কাজে লাগিয়ে ব্যাপক বিনিয়োগের মাধ্যমে লাভবান হতে পারে। “১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতার সময় থেকে আলজেরিয়া আমাদের প্রতি সমর্থন জুগিয়ে আসছে। আলজেরিয়া ছিল সেই দেশগুলোর মধ্যে একটি, যারা প্রথম দিকেই আমাদের স্বাধীনতাকে স্বীকৃতি দিয়েছিল। বাংলাদেশ এবং আলজেরিয়ার মধ্যে বাণিজ্য সম্পর্কের আরও উন্নয়নের সুযোগ রয়েছে। আমরা ইতিমধ্যেই আলজেরিয়ায় আমাদের বিশ্বমানের পোশাক রপ্তানি করছি এবং তাদের কাছ থেকে কৃষি পণ্য ও জ্বালানি খাতে সহযোগিতার সুযোগ রয়েছে। আমাদের লক্ষ্য হবে এই সম্ভাবনাগুলোকে কাজে লাগিয়ে দুই দেশের অর্থনীতির উন্নয়ন আরও ত্বরান্বিত করা। আমাদের দুই দেশের ঐতিহ্য ও সংস্কৃতি একে অপরকে সমৃদ্ধ করতে পারে। আলজেরিয়ার সাথে সাংস্কৃতিক বিনিময়, শিক্ষার্থী বিনিময় প্রোগ্রাম এবং ঐতিহাসিক অভিজ্ঞতা ভাগ করে নেয়ার মাধ্যমে আমরা আমাদের সম্পর্ককে আরও মজবুত করতে পারি। জাতিসংঘ, ওআইসি এবং অন্যান্য আন্তর্জাতিক ফোরামে আমরা একে অপরকে সমর্থন করে আসছি। এই সহযোগিতা বিশ্বশান্তি ও উন্নয়নের জন্য আমাদের একতাবদ্ধ অবস্থানের প্রমাণ। আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি, বাংলাদেশ ও আলজেরিয়ার সম্পর্ক কেবল কূটনৈতিক ক্ষেত্রেই নয়, অর্থনীতি, সংস্কৃতি এবং শিক্ষা ক্ষেত্রেও আরও সমৃদ্ধ হবে। আমরা সকলে একসঙ্গে কাজ করলে এ বন্ধন আরও দৃঢ় মজবুত হবে। রাষ্ট্রদূত ডা. আবদেল ওহাব সাইদানি বলেন, বাংলাদেশ মুসলিম দেশ হওয়ায় এবং আলজেরিয়া মুসলিম অধ্যুষিত দেশ হওয়ায় বাংলাদেশ আলজেরিয়ায় খাদ্যপণ্য, মেডিসিন, কৃষিজ পণ্য রপ্তানি করতে পারে। বাংলাদেশের গার্মেন্টস খাতসহ বেশ কিছু শিল্পখাত আলজেরিয়াতে কারখানা স্থাপন করে আফ্রিকাতে বাজার সম্প্রসারণ করতে পারে। আলজেরিয়া আফ্রিকা ও ইউরোপের বেশ কিছু দেশের সাথে নিকটবর্তী হওয়ায় দ্রুত পণ্য সরবরাহের সুবিধার মাধ্যমে বাংলাদেশের শিল্পখাত লাভবান হতে পারে। “আলজেরিয়ার রাষ্ট্রীয় তেল ও গ্যাস প্রতিষ্ঠান সোনট্রাখ আফ্রিকার বৃহত্তম এবং বিশ্বের ১৫তম বৃহত্তম তেল ও গ্যাস কোম্পানি। সোনট্রাখ আলজেরিয়ায় তেল ও গ্যাস অনুসন্ধান, উত্তোলন, পরিবহন ও বিপণনের দায়িত্বে রয়েছে। এছাড়াও, সোনট্রাখ আন্তর্জাতিক বিভিন্ন শক্তি প্রকল্পে বিনিয়োগ করে থাকে। বাংলাদেশে এ প্রতিষ্ঠানের বিনিয়োগ সম্ভাব্যতা যাচাই করা হবে। এছাড়া, আমি আলজেরিয়ার অন্য শিল্পখাতগুলোকেও বাংলাদেশে বিনিয়োগ করতে বলব। আলজেরিয়ার ভিসা পাওয়ার প্রক্রিয়া অত্যন্ত সহজ ও দ্রুত হওয়ায় বাংলাদেশীরা আলজেরিয়ায় বিনিয়োগ ও বিনোদনের জন্য সহজে ভ্রমণ করতে পারে। সভায় উপস্থিত ছিলেন চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম, সচিব মোহাম্মদ আশরাফুল আমিন, মেয়রের একান্ত সচিব মো. জিল্লুর রহমান, সহকারী একান্ত মারুফুল হক চৌধুরী।

চসিকের ভ্রাম্যমান আদালত পরিচালনা

নগরীর এক্সেস রোড ও রাইফেল ক্লাবের সম্মুখে প্রায় ১শতটি অবৈধ স্থাপনা উচ্ছেদ ২৭ হাজার টাকা জরিমানা

নগরীর ডবলমুরিং ও কোতোয়ালী এলকায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে মঙ্গলবার ভ্রাম্যমান আদালত উচ্ছেদ অভিযান পরিচালনা করে। অভিযানে আছাবাদ এক্সেস রোডের বাদামতলী মোড় সংলগ্ন পার্কিংয়ের জায়গা থেকে অবৈধ গেইট অপসারণ ও ফুটপাতে থেকে ৫০টি দোকান উচ্ছেদ করা হয়।

এছাড়াও রাইফেল ক্লাবের সম্মুখ থেকে লয়েল রোড হয়ে লালদিঘীর পাড় পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বের ফুটপাতে থেকে প্রায় ৫০টি অবৈধ দোকানপাট ও স্থাপনা অপসারণ করা হয়। ফুটপাতে দোকানের মালামাল রেখে ব্যবসা পরিচালনা করে জনদুর্ভোগ সৃষ্টির দায়ে ৬ ব্যক্তিকে ২৭ হাজার টাকা জরিমানা করা হয়। চসিক এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট চৈতী সর্বিবিদ্যা উচ্ছেদ অভিযান পরিচালিত হয়। অভিযানকালে ডবলমুরিং থানাধীন। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, ডবলমুরিং থানা ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেট কে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮